

আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعْرَاءُ

আয়াতঃ ২৬ : ৩০

আরবি মূল আয়াত:

قَالَ أَوْ لَوْ جِئْتُكَ بِشَىءٍ مُّبِينٍ ﴿٣٠﴾

অনুবাদসমূহ:

মূসা বলল, 'যদি আমি তোমার কাছে স্পষ্ট কোন বিষয় নিয়ে আসি, তবুও?' — আল-বায়ান

(মূসা) বলল : 'আমি যদি তোমার কাছে কোন স্পষ্ট জিনিস নিয়ে আসি তবুও? — তাইসিরুল

মূসা বললঃ আমি তোমার নিকট স্পষ্ট কোন নিদর্শন আনয়ন করলেও? — মুজিবুর রহমান

[Moses] said, "Even if I brought you proof manifest?" — Sahih International

৩০. মূসা বললেন, আমি যদি তোমার কাছে কোন স্পষ্ট বিষয় নিয়ে আসি, তবুও?(১)

(১) অর্থাৎ যদি আমি সত্যিই সমগ্র বিশ্ব-জাহানের, আকাশ ও পৃথিবীর এবং পূর্ব ও পশ্চিমের রবের পক্ষ থেকে যে আমাকে পাঠানো হয়েছে এর সপক্ষে সুস্পষ্ট আলামত পেশ করি, তাহলে এ অবস্থায়ও কি আমার কথা মেনে নিতে অস্বীকার করা হবে এবং আমাকে কারাগারে পাঠানো হবে? [দেখুন: বাগভী]

তাফসীরে জাকারিয়া

(৩০) মূসা বলল, 'আমি তোমার নিকট স্পষ্ট কোন (নিদর্শন) আনয়ন করলেও কি?' [1]

[1] অর্থাৎ, এমন কোন জিনিস বা 'মুজিয়া' যার দ্বারা প্রকাশ পায় যে, আমি সত্য এবং সত্যই আমি আল্লাহর রসূল, তবুও কি আমার সত্যতা তুমি মেনে নেবে না?

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2962>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন